**ALL INDIA RADIO**

**REGIONAL NEWS UNIT – SILCHAR**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**29 JULY 2025** **7:35 AM IST**

==========================================================================

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আগামী ৮ই সেপ্টেম্বর আসাম সফর রাজ্যের উন্নয়ন যাত্রায় আরো একটি মাইলফলক হিসেবে চিহ্নিত হবে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্ত বিশ্ব শর্মা আশা প্রকাশ করেছেন । মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা গতকাল নতুন দিল্লীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে করে একথা বলেন ।

এরপর মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় অর্থমন্ত্রী নির্মলা সীতারমণের সঙ্গে সাক্ষাৎ করে গহপুরে নির্মীয়মান কনকলতা বরুয়া বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন কার্যসূচীতে অর্থমন্ত্রীকে উপস্থিত থাকার আমন্ত্রণ জানান । উল্লেখ্য বীরাঙ্গনা কনকলতা বরুয়ার নামে উৎসর্গ করা এই বিশ্ববিদ্যালয়ে কৃত্রিম বুদ্ধিমত্তা , কোয়ান্টাম কম্পিউটিং ও রবোটিক্সের মতো বিশেষ বিষয়গুলিকে পাঠ্যক্রম রাখা হবে ।

---

শিলচরের গুরুচরণ বিশ্ববিদ্যালয়ে আগামী শিক্ষাবর্ষ থেকে স্নাতকোত্তর এবং পি এইচ ডি স্তরে ভর্তি প্রক্রিয়া শুরু হবে বলে অধ্যাপক ডঃ নিরঞ্জন রায় জানিয়েছেন ।

গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য হিসেবে আনুষ্ঠানিকভাবে দায়িত্ব গ্রহনের পর বিশ্ববিদ্যালয়ে পৌছলে এন সি সি’র মহিলা ক্যাডেটরা তাঁকে গার্ড অব অনার প্রদর্শন করে । উপাচার্য্য ডঃ রায় দায়িত্ব সমঝে নেওয়ার আগে শিলচর গুরুচরণ কলেজের সদ্য প্রাক্তন ভারপ্রাপ্ত অধ্যক্ষ ডঃ অপ্রতীম নাগ তাঁকে বরণ করে নেন । গুরুচরণ বিশ্ববিদ্যালয়ের প্রথম উপাচার্য হিসেবে দায়িত্ব গ্রহণের পর ডঃ রায় জানান- নব্বুই বছরের প্রাচীন এই কলেজ এ অঞ্চলের আর্থ-সামাজিক উন্নয়নে বহু অবদান রেখেছে । নতুন এই বিশ্ববিদ্যালয়টি নিয়ে জনসাধারণের অনেক প্রত্যাশা রয়েছে বলে উল্লেখ করে ডঃ রায় এই প্রত্যাশা পূরণের লক্ষ্যে তিনি শিক্ষা প্রতিষ্ঠানটির শিক্ষক-শিক্ষিকা, অশিক্ষক কর্মচারী, বর্তমান ও প্রাক্তন ছাত্র-ছাত্রীদের নিয়ে একটি রূপরেখা তৈরি করবেন বলে জানিয়েছেন । লক্ষ্মীপুর সম-জেলার বরসাঙ্গনে এই বিশ্ববিদ্যালয়ের ক্যাম্পাস নির্মাণ হবে এবং নতুন বিভাগ খোলা হলে বলেও তিনি জানিয়েছেন ।
অধ্যাপক ডক্টর রায় আরো জানান

---

ীভূমি পৌরসভার সভাপতি এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- শ্রীভূমি শহরের যানজট সমস্যা নিরসনে ও শহরে ই-রিক্সা চলাচল নিয়ন্ত্রন করতে গত ২৩শে জুলাই পৌরসভা কার্যালয়ে আয়োজিত সভার সিদ্ধান্ত অনুসারে আগামী পয়লা আগস্ট থেকে শহরের ই-রিক্সা শহরে এবং গ্রামের ই-রিক্সা গ্রামেই চলাচল করবে । এই নিয়ম লঙ্ঘন করলে পৌর আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে বলে পৌর সভাপতি জানিয়েছেন ।

---

শ্রীভূমির জেলা সৈনিক কল্যাণ আধিকারিক এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে- শ্রীভূমি জেলার এবছরের দ্বিতীয় ত্রৈমাসিক সৈনিক বন্ধু সভা আগামীকাল সকাল ১১টায় শ্রীভূমির জেলা আয়ুক্তের কার্যালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত হবে। জেলার প্রাক্তন সৈনিক ও তাদের পরিবারের সদস্যদের নিজেদের কোনও সমস্যা ও অভিযোগ থাকলে , তা আজকের মধ্যে জেলা সৈনিক কল্যাণ আধিকারিকের কার্যালয়ে জানাতে বলা হয়েছে ।

---

লক্ষীপুর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত দীনেশ প্রসাদ গোয়ালা স্মৃতি প্রাইজমানী নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের প্রথম কোয়াটার ফাইনাল খেলায় ইয়ুথ ব্লোমিং ক্লাব খেলবে চিরু স্পোর্টিং ক্লাবের বিরুদ্ধে ।

পয়লাপুল খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার প্রথম কোয়াটার ফাইনালের খেলা বেলা আড়াইটায় শুরু হবে ।

---

পালংঘাট মাতা সংঘের ব্যবস্থাপনায় আয়োজিত ডক্টর শ্যামা প্রসাদ মূর্খাজী নক আউট ফুটবল প্রতিযোগীতার গতকালের খেলায় পুনিরমূখ এন স্টোর ১-০ গোলে সোনাই মার এসোসিয়েশন দলকে পরাজিত করে । আবহাওয়া প্রতিকূলতার কারনে আগামী তিন দিন খেলা বন্ধ থাকবে বলে আয়োজক মাতা সংঘের পক্ষ থেকে জানানো হয়েছে ।

---

হাইলাকান্দি জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে যে জেলার বিদ্যালয়গুলির ছাত্র-ছাত্রীদের পি এম পোষন (মধ্যাহ্ন ভোজন ) আহারের জুলাই, অগাষ্ট এবং সেপ্টেম্বর মাসের চাল বরাদ্দ করা হয়েছে । জেলা প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়েছে যে প্রথম শ্রেনী থেকে পঞ্চম শ্রেনী পর্য্যন্ত ৫৮ হাজার ৮শ ৬৩ জন ছাত্র-ছাত্রীর জন্য দু হাজার ৫শে ৭৭ কুইন্টাল চাল , ষষ্ট শ্রেণী থেকে অষ্টম শ্রেণী পর্য্যন্ত ৩১ হাজার ৬শ ১২ জন ছাত্র-ছাত্রীর জন্য এক হাজার ৮শ ১১ কুইন্টাল ৮৪ কিলোগ্রাম চাল এবং বাল বাটিকা প্রকল্পে ৫ হাজার ৬৩৫ জন ছাত্র-ছাত্রীদের জন্য ২৩১ কুইন্টাল দুই কিলোগ্রাম চাল বরাদ্দ করা হয়েছে । উল্লেখ্য জুলাই মাসের জন্য ৫ দিন , অগাষ্ট মাসের জন্য ২৪ দিন এবং সেপ্টেম্বর মাসের জন্য ২২ দিনের চাল বরাদ্দ করা হয়েছে ।

---